দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২
ISO 9001:2015 Certified
জয়নগর,চন্ডিপুর,ফুলবাড়ী,বিরামপুর, দিনাজপুর।
মোবাইল নং-০১৭৬৯৪০১১২৮
ই-মেইল-dpbstwo@gmail.com
ওয়েব সাইট- www.pbs2.dinajpur.gov.bd

স্মারক নং- ২৭.১২.২৭৩৮.৫৪৪.০১.০০৮.২২.২৪২৬

তারিখঃ ১৭ জ্যৈষ্ঠ, ১৪২৯ বঙ্গাব্দ
৩১ মে, ২০২২ খ্রিষ্টাব্দ

# "যানবাহন পুনঃ নিলাম বিজ্ঞপ্তি" (২য় বার)

দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর নিম্নবর্ণিত কনডেম ঘোষিত যানবাহনসমূহ (মোটর সাইকেল) "যেখানে যে অবস্থায় আছে" ভিত্তিতে নিলামে বিক্রয় করা হবে। নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠান/এজেন্সীর এর নিকট হতে পূর্ণ সাদা কাগজে/প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে বিস্তারিত ঠিকানা, স্বাক্ষরসহ সীলমোহরকৃত খামে পুনঃ দরপত্র আহবান করা যাচ্ছে। যানবাহনের বিবরণ নিম্নে প্রদান করা হলো।

| ক্রমিক নং | বিবরণ | পরিমাণ | উদ্ধৃত একক মূল্য (টাকা) | উদ্ধৃত মোট মূল্য (টাকা) |
|---|---|---|---|---|
| ১. | মোটর সাইকেল, হোন্ডা মোটরস পাকিস্তান ১২৫ সিসি<br>রেজিঃ নং-দিনাজ-হ-১৩-১৪৮১<br>ইঞ্জিন- ৩৫৫১৯৪২, চেসিস-এ-১১৮৭০ | ০১ টি | | |
| ২. | মোটর সাইকেল, হোন্ডা মোটরস পাকিস্তান ১২৫ সিসি<br>রেজিঃ নং-দিনাজ-হ-১৩-১৪৮৪<br>ইঞ্জিন- ৩৫৫১৯৩৯, চেসিস-এ-১১৮৬৭ | ০১ টি | | |
| ৩. | মোটর সাইকেল, হোন্ডা মোটরস পাকিস্তান ১২৫ সিসি<br>রেজিঃ নং-দিনাজ-হ-১৩-১৪৮৩<br>ইঞ্জিন- ৩৫৫১৮৮৪, চেসিস-এ-১১৮১২ | ০১ টি | | |
| ৪. | মোটর সাইকেল, হোন্ডা মোটরস জাপান ১২৫ সিসি<br>রেজিঃ নং-দিনাজ-হ-১১-৩৯৪৩<br>ইঞ্জিন- ২৯৫১৮১৭, চেসিস-পি-১০৬৮৪ | ০১ টি | | |
| ৫. | মোটর সাইকেল, হোন্ডা মোটরস পাকিস্তান ১২৫ সিসি<br>রেজিঃ নং-দিনাজ-হ-১৩-১৫০৪<br>ইঞ্জিন- ৩৫৫১৮৯২, চেসিস-এ-১১৮২০ | ০১ টি | | |
| ৬. | মোটর সাইকেল, হোন্ডা মোটরস জাপান ১২৫ সিসি<br>রেজিঃ নং-দিনাজ-হ-১১-৩৯৪৪<br>ইঞ্জিন-২৯৫১৭৯০, চেসিস-পি-১০৬৫৬ | ০১ টি | | |
| ৭. | মোটর সাইকেল, হোন্ডা মোটরস পাকিস্তান ১২৫ সিসি<br>রেজিঃ নং-দিনাজ-হ-১৩-১৪৮৫<br>ইঞ্জিন- ৩৫৫১৯০২, চেসিস-এ-১১৮৩০ | ০১ টি | | |

## দরপত্র প্রদানের স্থান ও সময়

| | | |
|---|---|---|
| ০১। | নিলাম দরপত্র জমা দেয়ার তারিখ ও সর্বশেষ সময় | ০৭/০৬/২০২২ খ্রিঃ তারিখ মঙ্গলবার বেলা ১১:৩০ ঘটিকা পর্যন্ত |
| ০২। | নিলাম দরপত্র জমা দেয়ার স্থান | পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা অথবা দিনাজপুর পবিস-২ এর সদর দপ্তর, ফুলবাড়ী, বিরামপুর, দিনাজপুর। |
| ০৩। | নিলাম দরপত্র খোলার তারিখ, সময় ও স্থান | ০৭/০৬/২০২২ খ্রিঃ তারিখ মঙ্গলবার বেলা ১১:৩৫ ঘটিকায় বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা এবং দিনাজপুর পবিস-২ এর সদর দপ্তর, ফুলবাড়ী, বিরামপুর, দিনাজপুর। |

## শর্তাবলীঃ

০১। উপরে বর্ণিত সময়সীমার মধ্যে যে কোন দিন (সরকারী ছুটি ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত) অফিস সময়ে সীলমোহরকৃত নিলাম দরপত্র পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, সদর দপ্তর (৯ম তলা), জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা অথবা দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২, ফুলবাড়ী, বিরামপুর, দিনাজপুর এর সদর দপ্তরে রক্ষিত টেন্ডার বাক্সে দরপত্র দাখিল করতে পারবেন। নির্ধারিত সময়ের পর কোন অবস্থাতেই দরপত্র গ্রহণ করা হবে না। অনিবার্য কারণবশতঃ দরপত্র গ্রহণের তারিখে বন্ধ ঘোষণা হলে পরবর্তী কার্যদিবসের নির্ধারিত সময়ের মধ্যে দরপত্র গ্রহণ করা যাবে। দাখিলকৃত দরপত্রসমূহ বর্ণিত সময়সূচী অনুযায়ী স্ব-স্ব দপ্তরে উপস্থিত দরদাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

০২। নিলাম দরপত্রে উল্লেখিত ক্রম নম্বর অনুযায়ী আলাদা আলাদাভাবে দর উল্লেখ পূর্বক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। মালামালের নাম, একক দর, দরদাতার নাম-ঠিকানা ইত্যাদি সু-স্পষ্টভাবে দরপত্রে উল্লেখ করতে হবে। **প্রতিটি যানবাহন এর পৃথক পৃথক সর্বোচ্চ একক দর অনুযায়ী মূল্যায়ন করা হবে।**

০৩। নিলামে উদ্ধৃত দরের ২৫% (পঁচিশ শতাংশ) অর্থ আর্নেষ্ট মানি নিরাপত্তা জামানত হিসেবে জেনারেল ম্যানেজার, দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর অনুকূলে নিলাম দরপত্রের সাথে জমা দিতে হবে। কৃতকার্য নিলাম দরদাতাকে অবশ্যই অবশিষ্ট ৭৫% মুল্য দরপত্র সংক্রান্ত সিদ্ধান্ত জানানোর তারিখ হতে ১৫ দিনের মধ্যে নগদ/ পে-অর্ডার আকারে পরিশোধ পূর্বক মোটর সাইকেল গ্রহণ করতে হবে। উক্ত সময়ের মধ্যে অবশিষ্ট অর্থ জমা দিতে ব্যর্থ হলে জামানতের সমুদয় অর্থ বাজেয়াপ্ত করা হবে। উদ্ধৃত দর অংকে ও কথায় উল্লেখ করতে হবে। মালামালের সর্বনিম্ন নিলাম দরের চেয়ে কম দর গ্রহণযোগ্য হবে না।

০৪। দরপত্রে কোনরুপ কাটাছেড়া/ ঘষামাজা করা যাবে না। দরপত্রের খামের উপরে স্পষ্টাক্ষরে ''নিলাম বিক্রয়যোগ্য মোটর সাইকেল ক্রয়ের পুনঃ নিলাম দরপত্র'' কথাটি লিখে দিতে হবে। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।

০৫। উপরোক্ত যানবাহনসমূহ আগামী ০৬/০৬/২০২২ খ্রিঃ পর্যন্ত প্রতিদিন অফিস চলাকালীন সময়ে দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তর, ফুলবাড়ী, বিরামপুর, দিনাজপুর-এ পরিদর্শন করা যাবে।

০৬। সর্বোচ্চ বৈধ নিলাম দরদাতাকে কার্যাদেশ প্রদানের ১৫ (পনের) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% (পঁচাত্তর শতাংশ) মূল্য সহ উদ্ধৃত মোট নিলাম মূল্যের উপর নিয়মানুযায়ী সরকারী ভ্যাট ও আয়কর বাবদ মূল্য নগদ/পে-অর্ডারের (পে-অর্ডারের ক্ষেত্রে সমিতির হিসাবে জমা করণ নিশ্চিত হওয়া সাপেক্ষে) মাধ্যমে পরিশোধ করে যানবাহন ডেলিভারী গ্রহণ করতে হবে।

০৭। পবিস কর্তৃপক্ষ কোনরুপ কারণ দর্শানো ছাড়াই যে কোন বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

০৮। শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০২.০৫.২২

(মোঃ শহীদ উদ্দিন)
জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)।

অনুলিপিঃ নোটিশ বোর্ডে প্রচারের অনুরোধ সহ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

০১। পরিচালক, পবিস মঃ ও ব্যঃ পঃ (উঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (নির্ধারিত সময়ে দরপত্র বক্সে দরপত্র গ্রহণের অনুরোধ সহ)।
০২। জেলা প্রশাসক, দিনাজপুর।
০৩। পুলিশ সুপার, দিনাজপুর।
০৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (বাপবিবোর ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)।
০৫। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/ সড়ক ও জনপদ, দিনাজপুর।
০৬। নির্বাহী প্রকৌশলী (এসওডি), বাপবিবো, দিনাজপুর।
০৭। সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার............................পবিস-১/২/৩/৪।
০৮। উপজেলা নির্বাহী অফিসার.................................. উপজেলা, দিনাজপুর।
০৯। মেয়র, ...................................পৌরসভা, দিনাজপুর।
১০। সিনিয়র ডিজিএম, দিপবিস-২।
১১। সহকারী প্রকৌশলী, বাপবিবো, দিনাজপুর।
১২। এজিএম (অর্থ-হিসাব/ওএন্ডএম), দিপবিস-২।
(১০–১২: দরপত্র মূল্যায়নের জন্য নির্দিষ্ট সময়ে উপস্থিত থাকার জন্য বলা হলো)।
১৩। এজিএম (আইটি), দিপবিস-২ (অত্র পবিসের ওয়েব সাইটে প্রকাশের জন্য )।
১৪। নোটিশ বোর্ড/ অফিস কপি / মাষ্টার কপি।

০২.০৫.২২

(মোঃ শহীদ উদ্দিন)
জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)।

E:\Monoara\01.008\Tender Motor Cycle.doc2